# উপজেলা পরিষদের বিশেষ সভার কার্যবিবরণী
## কালিগঞ্জ, সাতক্ষীরা

অধিবেশন নং -০৮/২০১৯

সভাপতি ঃ সাঈদ মেহেদী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ১৩-১১-২০১৯

সময় ঃ বেলা ১১-৩০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, কালিগঞ্জ,

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় । কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় উহা দৃঢ়করণ করা হয় । অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয় ।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (১) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় মসজিদ নির্মাণের স্থান নির্ধারণ সংক্রান্ত ঃ<br><br>সভায় জানানো হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় এ উপজেলায় মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের স্থান নির্ধারণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণকালীন নামাজের জন্য আগত মুসল্লীদের জন্য বিকল্প মসজিদের স্থান নির্ধারণ, বিদ্যমান মসজিদ ভবন ও গাছসমূহ অপসারণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । সভায় উপস্থিত সকল সদস্যগণসহ প্রস্তাবিত মসজিদের স্থান তাৎক্ষণিক সরেজমিনে পরিদর্শন করা হয়। উপস্থিত সকল সদস্য সরেজমিনে জমি পরিদর্শন করেন, পরিমাপ করেন এবং খুটি বসিয়ে নির্ধারণ করেন। এ সময়ে ইসলামিক ফাউন্ডেশনের সুপারভাইজার উপস্থিত ছিলেন,তাকে সীমানার চারদিকের খুটি বুঝিয়ে দেওয়া হয়। | (১) কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যমান মসজিদের স্থানে স্কেচ ম্যাপ অনুযায়ী (সংযুক্তি-১) ১৭০ x ১১০ ফুট জমির সীমানা চিহ্নিতকরণসহ প্রস্তাবিত "মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র" নির্মাণের নিমিত্ত স্থান সর্বসম্মতিক্রমে নির্ধারণ করা হয়। উক্ত স্থানের চৌহদ্দি পশ্চিমে যুব উন্নয়ন অফিস এর দেয়াল হতে ১ ফুট দূরে, পূর্বে মাঠের পাশের পরিত্যাক্ত ভবন যেখানে খুঁটি বসিয়ে সীমানা চিহ্নিত করা রয়েছে। উত্তরের সীমানা পুকুরের পাড়ে বসানো খুঁটি হতে এবং দক্ষিণে নির্বাচন অফিস এবং একটি বাড়ী একটি খামার এর ভবন।<br><br>(২) মডেল মসজিদ নির্মাণের পূর্ণাঙ্গ নকশা মোতাবেক যদি মডেল মসজিদ নির্মাণের প্রয়োজনে একটি বাড়ী একটি খামার ভবনের মসজিদের দিকের কিছু অংশ ভেঙ্গে ফেলতে হয় তাহলে উকিলবারের দিকে তা পুনর্নির্মাণ করার সকল ব্যয়ভার উপজেলা পরিষদ বহন করবে।<br>(৩) মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণকালীন নামাজের জন্য আগত মুসল্লীদের জন্য উপজেলা পরিষদ অডিটরিয়ামের সামনের ফাঁকা জায়গায় অস্থায়ী মসজিদ নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) উপজেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ সাইটে বিদ্যমান স্থাপনা, পুরাতন কোর্টভবন অপসারণের অনাপত্তি আইন মন্ত্রণালয় হতে পাওয়া গেছে (সংযুক্তি-২)। উক্ত স্থাপনা দ্রুত অপসারণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের সুপারভাইজার নিয়মিত যোগাযোগ রেখে কাজটি দ্রুত সম্পন্ন করবেন।<br><br>(৫) প্রস্তাবিত মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের স্থানে অবস্থিত বিভিন্ন প্রজাতির ৩৮(আটত্রিশ) টি জীবিত গাছের মূল্য নির্ধারণী প্রতিবেদন ও গাছ বিক্রয়ের অনুমতি প্রদানের জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর এ অফিসের ২৮/০৮/২০১৯ তারিখের ৯১৮(যুক্ত) নং স্মারক মুলে অনুরোধ জানানো হয়েছে। অনুমোদন প্রাপ্তির সাথে সাথে গাছ অপসারণের পরবর্তী প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা<br><br>(২)উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>(৩) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| (২) উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্ধারণ বিষয়ক ঃ<br><br>সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের অধিকাংশ ভবন দীর্ঘদিনের পুরাতন ও জরাজীর্ণ অবস্থায় রয়েছে। সে কারণ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে এ উপজেলার অনুকূলে প্রস্তাব অনুমোদিত হয়েছে। সুতরাং উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্ধারণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় জানানো হয় যে, জরাজীর্ণ কোর্ট ভবনের স্থানে নতুন কমপ্লেক্স ভবনের জায়গা সংকুলান হবে না, সে কারণ উপজেলা পরিষদের দৃষ্টি নন্দন অন্য যে কোন স্থানে নতুন কমপ্লেক্স ভবনের স্থান নির্ধারণ করা যেতে পারে । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) উপজেলা পরিষদের অভ্যন্তরে **ডরমেটরী এবং অফিসার্স** ক্লাবের সামনে স্কেচ ম্যাপ(সংযুক্তি-৩) **অনুযায়ী ১০০ x ১০০** ফুট জমির সীমানা চিহ্নিতকরণসহ **"উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন" নির্মাণের স্থান সর্বসম্মতিক্রমে নির্ধারিত হয়।** উক্ত স্থানের চৌহাদ্দি খুঁটি বসিয়ে উপজেলা প্রকৌশলীকে বুঝিয়ে দেওয়া হয়<br><br>যেহেতু ভবন নির্মাণে উপজেলা পরিষদ সংক্রান্তে সকল সিদ্ধান্ত ও কার্য সমাপ্ত হয়েছে তাই ভবন নির্মাণের বাকী কাজ দ্রুত এগিয়ে নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) কালিগঞ্জ উপজেলা অফিসার্স ক্লাবের আংশিক ভবন প্রস্তাবিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সীমানার মধ্যে পড়ায় উপজেলা অফিসার্স ক্লাব এবং টেনিস কোর্টটি উপজেলা পরিষদ অডিটরিয়াম ভবনের সামনের ফাঁকা জায়গায় স্কেচ ম্যাপ অনুযায়ী (সংযুক্তি-৪) নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br><br>(৩)নতুন অফিসার্স ক্লাব এবং টেনিস কোর্ট নির্মাণ উপজেলা পরিষদের অর্থায়নে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | **(১) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা।** |
| (৩) কালিগঞ্জ উপজেলার জরাজীর্ণ কোর্ট ভবন ভেঙ্গে তদস্থলে নতুন ভবন নির্মাণের অনুমতি প্রদান সংক্রান্ত :<br><br>কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যমান কোর্ট ভবনটি অত্যন্ত জরাজীর্ণ হওয়ায় ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকায় ভবনটি অপসারণের অনুমোদনের জন্য এ অফিসের ০৮/১০/২০১৭ তারিখের ৯৫৩ নং স্মারক মূলে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর প্রেরণ করা হয়। জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় ২৪ অক্টোবর,২০১৭ তারিখের ৭৭১ নং স্মারক মুলে স্থানীয় সরকার বিভাগ, ঢাকা বরাবরে প্রেরণ করেন। কিন্তু উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, ২২ নভেম্বর ২০১৭ তারিখের ১৩৮৯ নং স্মারক মুলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনাপত্তি পত্রসহ পুনরায় দাখিল করার প্রস্তাব দেন। ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় নিরাপত্তা ঝুঁকি এড়ানোর জন্য অতি জরুরী ভিত্তিতে জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ বিদ্যমান কোর্ট ভবনটি ভেঙ্গে অপসারণ করে জনগণের জানমালের নিরাপত্তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য [illegible]/[illegible]/২০১৮ তারিখের ২২ নং স্মারক মুলে এবং [illegible]/[illegible]/২০১৮ তারিখের ৮৮৫ নং স্মারক মুলে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়কে পুন: অনুরোধ জানানো হয়। ইতোমধ্যে সিনিয়র সহকারী সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখার ২০ অক্টোবর ২০১৯ তারিখের ১০.০০.০০০০.১২৬. ৯৯.০১৮.১৫. ১৭৮ নং স্মারক মুলে সাতক্ষীরা জেলার | কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যমান জরাজীর্ণ কোর্ট ভবনটি নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে, জন নিরাপত্তার স্বার্থে ভবনটি পরিত্যাক্ত ঘোষণাসহ অপসারণের নিমিত্ত বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| প্রশাসনিক ও কালিগঞ্জ উপজেলার জরাজীর্ণ কোর্ট ভবন দু'টিতে বর্ণিত বিভাগের আওতাধীন কোন আদালত/অফিস না থাকায় এবং উক্ত ভূমি জেলা জজ আদালত, সাতক্ষীরার মালিকানাধীন না হওয়ায় উক্ত আদালত ভবন দু'টি ভেঙ্গে অপসারণ করার বিষয়ে নির্দেশক্রমে উক্ত বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হয়েছে। যা জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের কার্যালয়ের ২৮ অক্টোবর,২০১৯ তারিখের ০৫.৪৪.৮৭০০.০০৭.২৮. ০০১.১৯.১০২০ স্মারক মুলে পাওয়া গেছে (সংযুক্তি-৫)। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| (৪) পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়িবাধের পাশের ঘের বাঁধ হতে দূরে নির্মাণ সংক্রান্ত :<br>সভায় জানানো হয় যে, এ উপজেলার পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়ি বাঁধের পাশের ঘের কে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ নির্মাণ করার মহাপরিকল্পনা গ্রহণ করা হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ উপজেলার পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়ি বাঁধের পাশের ঘেরকে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ নির্মাণের স্বয়ংসম্পূর্ণ প্রকল্প গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানানো হয়। | (১) নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা<br>(২) উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১১/১৯

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৯ - ১১৬৫ তারিখ : ১৪ নভেম্বর,২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭-সাতক্ষীরা-৩/ ১০৮-সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সাতক্ষীরা
৫। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৬। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সাতক্ষীরা
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৮। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। চেয়ারম্যান ---------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১ জনাব -----------------------------------------------
-------------------------------------------------------- কালিগঞ্জ, সাতক্ষীরা

১৪/১১/১৯

মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা


১৩/১১/২০১৯ তারিখ কালিগঞ্জ উপজেলা পরিষদের বিশেষ সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ১ | জনাব মোঃ মোজাম্মেল হক রাসেল | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ২ | ডাঃ জনাব মনোজিৎ মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ৩ | উপসহকারী প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,এর প্রতিনিধি |
| ৪ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | ৪ | ডাঃ জনাব শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | ৫ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | ৬ | জনাব কৃষিবিদ রুহুল আমিন | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউ,পি পক্ষে ইউ,পি সদস্য | ৭ | মোসাঃ সামসুন্নাহার | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ৮ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি | ৮ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব শেখ এবাদুল ইসলাম | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | ৯ | জনাব শারমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১০ | জনাব মোঃ আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি পক্ষে সদস্য | ১০ | জনাব এ এফ এম মাহফুজুল হক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| ১১ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | ১১ | জনাব অধীর কুমার গাইন | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব মোঃ আশরাফুল হোসেন | চেয়ারম্যান, রতনপুর ইউপি | ১২ | জনাব শেখ মুজিবর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| ১৩ | জনাব নূরমোহাম্মদ বিশ্বাস | চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | ১৩ | জনাব বাবলুর রহমান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ-এর প্রতিনিধি |
| ১৪ | জনাব কাজী রফিকুল ইসলাম | চেয়ারম্যান মৌতলা ইউপি | ১৪ | - | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ এর প্রতিনিধি |
| ১৫ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | ১৫ | জনাব মোঃ শফিকুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ প্রতিনিধি |
| | - | - | ১৬ | - | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| | - | - | ১৭ | জনাব তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৮ | - | সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিগঞ্জ এর প্রতিনিধি |
| | - | - | ১৯ | ফরেস্টার, | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | - | - | ২০ | জনাব মোঃ জামিরুল হায়দার | উপজেলা নির্বাচন অফিসার |
| | - | - | ২১ | উপজেলা সমন্বয়কারী | একটি বাড়ী একটি খামার প্রকল্প কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব লাইলি বেগম | সংরক্ষিত আসনের সদস্য | ১ | জনাব মোঃ ওবায়দুল হক | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| ২ | জনাব মাহফুজা খাতুন | সংরক্ষিত আসনের সদস্য | ২ | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |
| ৩ | জনাব প্রভাতী মন্ডল | সংরক্ষিত আসনের সদস্য | ৩ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |




জেলা - সাতক্ষীরা

উপজেলা - কালিগঞ্জ।

মৌজা - শীতলপুর (বড়)

জে.এল নং - ৪০

সিট নং - ০২

মসজিদ এর জন্য প্রস্তাবিত

জমির চিহ্ন ▭

দাগ নং - ২৭০৮

জমির পরিমাণ = ১১০'×১৭


= ০.৪২৭২৮ একর।

২৫/১১/১৯

মোঃ নাসির উদ্দীন
সার্ভেয়ার
উপজেলা ভূমি অফিস
কালিগঞ্জ, সাতক্ষীরা।

সাঈদ মেহেদী
উপজেলা চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা।

# সংযুক্তি-০৭




কালিগঞ্জ উপজেলা মসজিদ এর জমির বিবরণ

জমির পরিমাণ = ১৭০' x ১১০'

প্রস্তাবিত জমির মধ্যে একটি বাড়ি একটি খামার
প্রকল্পের অফিস ভবনের চিহ্ন □

জমির পরিমাণ = ১০' x ৪৮'

২৩/১১/১৭
মোঃ নাসির উদ্দীন
সার্ভেয়ার
উপজেলা ভূমি অফিস
কালিগঞ্জ, সাতক্ষীরা।

সাঈদ মেহেদী
উপজেলা চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা।

সংযুক্তি-০২ ১০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
স্থানীয় সরকার শাখা
www.satkhira.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭০০.০০৭.২৮.০০৩.১৯.১০২০ তারিখ: ১২ কার্তিক ১৪২৬
২৮ অক্টোবর ২০১৯

বিষয়: **সাতক্ষীরা জেলার আশাশুনি ও কালিগঞ্জ উপজেলার জরাজীর্ণ কোর্ট ভবন ভেঙ্গে তদস্থলে নতুন ভবন নির্মাণের অনুমতি প্রদান সংক্রান্ত**

সূত্র: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ১০.০০.০০০০. ১২৬. ৯৯.০১৮.১৫.১৭৮; তারিখ: ২০ অক্টোবর ২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

৩০-১০-২০১৯
শাম্মী আক্তার
সহকারী কমিশনার
ফোন: ০৪৭১৬৩৩২২
ফ্যাক্স: ০৪৭১৬৪০০৮
ইমেইল: aclgsatkhira@gmail.com

বিতরণ :
১) উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা
২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭০০.০০৭.২৮.০০৩.১৯.১০২০/১ তারিখ: ১২ কার্তিক ১৪২৬
২৮ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি ও কালিগঞ্জ, সাতক্ষীরা।

৩০-১০-২০১৯
শাম্মী আক্তার
সহকারী কমিশনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.৯৯.০১৮.১৫.১৭৮

তারিখঃ ০৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: সাতক্ষীরা জেলার আশাশুনি ও কালিগঞ্জ উপজেলার জরাজীর্ণ কোর্ট ভবন ভেঙে তদস্থলে নতুন ভবন নির্মাণের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: ১। ২৯২/জি; তারিখঃ ১৪/১০/২০১৯ খ্রিঃ জেলা জজের কার্যালয়, সাতক্ষীরা।
২। ৪৬.৪৪.৮৭০০.০০৭.২৮.০০৭.১৮.৬৩৮, তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি:, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।


সাতক্ষীরা জেলার আশাশুনি ও কালিগঞ্জ উপজেলার জরাজীর্ণ কোর্ট ভবন দু'টিতে এ বিভাগের আওতাধীন কোন আদালত/অফিস না থাকায় এবং উক্ত ভূমি জেলা জজ আদালত, সাতক্ষীরার মালিকানাধীন না হওয়ায় উক্ত আদালত ভবন দু'টি ভেঙে অপসারণ করার বিষয়ে নির্দেশক্রমে এ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হলো।

(মোল্যা সাইফুল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৬৫ (অঃ)।

জেলা প্রশাসক
সাতক্ষীরা।

জ্ঞাতার্থে বিতরণঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা জজ, সাতক্ষীরা।
৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



গ্রহণ ও প্রেরণ শাখা
বিচার শাখা (প্রশাসন)
আইন ও বিচার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

KALIGANJ UPAZILA PARISHAD
: KALIGANJ
UPAZILA : KALIGANJ DISTRICT : SATKHIRA

# SKETCH MAP

